৭৭

দৈনিক ইত্তেফাক

তারিখ 05 JUL 1998
পৃষ্ঠা ২৮ কলাম ৪

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে একদিনের ছুটি পুনর্বহাল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গতকাল (শনিবার) হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুই দিনের সাপ্তাহিক ছুটি হ্রাস করিয়া একদিন পুনর্বহাল করা হইয়াছে। এখন হইতে কেবলমাত্র শুক্রবার বিশ্ববিদ্যালয় বন্ধ থাকিবে। বৃহস্পতিবার অর্ধদিবস ক্লাস ও অফিস চলিবে।

দীর্ঘ একমাস গ্রীষ্মকালীন বন্ধ শেষে বিশ্ববিদ্যালয় খুলিয়াছে গত বুধবার। ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের অনার্স শ্রেণীর ক্লাসও শুরু হইয়াছে।